



Heritage-Sensitive Intellectual Property
and Marketing Strategies

BAUL FAKIRI

**ART
CODE**



**Treating Baul Fakirs fairly: Code of Ethics and
Practical Guidelines for music event and
performance organisers, the media and researchers**

বাউল ফকিরদের ন্যায্য অধিকার :

অনুষ্ঠান-গানের আসর আয়োজক, গণমাধ্যম কর্মী ও গবেষকদের
জন্য নীতিগত নিয়মাবলী এবং ব্যবহারিক নির্দেশিকা

Background পটভূমি



Baul artist Girish Mondal

বাউল শিল্পী গিরীশ মন্ডল

Photo Courtesy- banglanatak dot com

This is Girish Mondal (also known as Girish Khyapa), a Baul singer from Bardhaman district, West Bengal. He sings Baul songs and plays the Dotara and Ektara – traditional musical instruments. Girish is well-known for his performances in India and internationally. His travels have taken him throughout India and around the world including to the International Folklore De Noyon Festival in France and the Transform-Trondheim World Music Festival in Norway, both in 2017. He also attended the Smithsonian Folklife Festival 2018 and performed at the Library of Congress and Freer Sackler Gallery. A video of him performing Gour ar Nitay at the World Peace Music Festival, Sur Jahan in Kolkata in 2017 can be seen at https://youtu.be/_YrCxBpH61M

গিরীশ মন্ডল (গিরীশ খ্যাপা নামেও পরিচিত), পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার একজন বাউল গায়ক। ইনি বাউল গান করেন ও ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্র দোতরা এবং একতারা বাজান। গিরীশ তাঁর অনুষ্ঠানের সুবাদে দেশে ও বিদেশে সুপরিচিত। অনুষ্ঠানের সূত্রে তিনি সারা ভারত ঘুরেছেন এবং ২০১৭ সালে ফ্রান্সের ইন্টারন্যাশনাল ফোকলোর ডি নোয়ন ফেস্টিভ্যাল, নরওয়ের ট্রান্সফর্ম-ট্রনডহেইম ওয়ার্ল্ড মিউজিক ফেস্টিভ্যালে অংশ নিয়েছেন। যোগ দিয়েছেন ২০১৮ সালের স্মিথসোনিয়ান ফোকলাইফ ফেস্টিভ্যাল এবং লাইব্রেরি অফ কংগ্রেস ও ফ্রিয়ার স্যাকলার গ্যালারির অনুষ্ঠানে। ২০১৭ সালে ওয়ার্ল্ড পিস মিউজিক ফেস্টিভ্যাল, সুরজাহানে তাঁর গাওয়া গৌর ও নিতাই গানের ভিডিও দেখার জন্য উপরের লিঙ্কে ক্লিক করুন।

The fact that he has become so well-known has prompted some organisations to use his image for their own commercial ends, and without asking him. Consider the two images below. The one on the left is from the cover of a Bengali reference book for class 6. The one on the right is a poster advertising the first edition of Grand Baul Festival in Makda, Baahin, District - North Dinajpur, West Bengal.




Photo Courtesy- Girish Mondal

Girish welcomes the spread of knowledge in schools about the Baul traditions, and is fully supportive of festivals at which Bauls feature. But in neither case was Girish asked for permission for the use of his image and nor did he take part in the festival that year. In other words, the book publisher and the festival organisers used Girish's image to promote their work and interests without his permission.

ঘটনা হল, তিনি এতই সুপরিচিত যে তাঁর খ্যাতি কিছু সংগঠনকে গিরীশকে না জানিয়ে তাঁর নাম নিজেদের বাণিজ্যিক স্বার্থে ব্যবহার করার উৎসাহ দিয়েছে। সপ্তের দুটি ছবি দেখলেই তা বোঝা যাবে। উপরের বাঁদিকের ছবিটি ব্যবহার করা হয়েছে ষষ্ঠ শ্রেণির একটি সহায়িকা পুস্তকের মলাটে। ডানদিকের পোস্টারটা উত্তর দিনাজপুর জেলার মাকড়া, বাহিনের বিরাট বাউল মহোৎসবের প্রথম বর্ষের। গিরীশ স্কুলে ছাত্রদের মধ্যে বাউল ভাবনার প্রসারকে স্বাগত জানান এবং বাউলরা অংশ নেয় এমন উৎসবগুলিকেও সবারকম সহায়তা করতে চান।

কিন্তু দুটি ক্ষেত্রের কোনোটিতেই ছবিগুলি ব্যবহার করার জন্য তাঁর অনুমতি নেওয়া হয়নি, ঐ বছরের উৎসবেও তিনি অংশ নেননি। অন্যভাবে বলতে গেলে, বইটির প্রকাশক এবং উৎসব আয়োজকরা তাদের নিজেদের স্বার্থেই কোনো অনুমতি ছাড়াই গিরীশের ছবি ব্যবহার করেছেন।

Recordings of Baul Fakiri performances are also sometimes made without the knowledge of the performer, and then broadcast on television or radio; photographs are taken of them during performances and then broadcasted on social media.

The Baul Fakiri communities welcome the spread of knowledge and information about their philosophy as it makes an important contribution to ensuring that their traditions can remain sustainable over time. To ensure this happens, the Bauls and Fakirs would like to be credited for their performances and use of their images and also to share in any commercial return.

অনেক সময় বাউলদের অনুষ্ঠানের রেকর্ডিং হয় তাদের না জানিয়ে অথবা শিল্পীর বিনা অনুমতিতে, এবং তারপর তা টেলিভিশন ও রেডিওতে সম্প্রচারিত হয়; অনুষ্ঠানের সময় ছবি তোলা হয় এবং পরে তা সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে দেওয়া হয়। বাউলরা তাদের দর্শনের প্রচারকে স্বাগত জানালেও অনুষ্ঠানের ছবিতে ও শিল্পী হিসেবে নিজেদের নাম দেখতে চান এবং তার থেকে কোনো লাভের ভাগ পেতেও তারা উৎসাহী।

Laws in India (on performers rights and intellectual property) can help in stopping people from using images of Bauls and Fakirs without permission or acknowledgment. These laws can be difficult to understand by the artists and those who want to use their work. For this reason, the Bauls developed this Art Code with the HIPAMS team to explain how they would like to interact with other stakeholders, such as music event and performance organisers, media workers and researchers. The Code seeks to develop a mutually beneficial relationship between the Baul Fakiri communities and the individuals and organisations who make information about their work available to others. The aim is that respect will be shown for the Baul Fakiri communities and their intangible heritage, and that they will be given acknowledgement and remuneration to ensure that their heritage continues into the future.

ভারতের আইন (শিল্পীদের অধিকার এবং বৌদ্ধিক সম্পত্তি সংক্রান্ত) কারও বিনা অনুমতি ও স্বীকৃতিতে তাদের ছবি ব্যবহার বন্ধ করার অধিকার দিয়েছে। এই আইনগুলি বোঝা ও প্রয়োগ করা কষ্টকর। তাই বাউল-ফকির সম্প্রদায় যারা তাঁদের কাজগুলি ব্যবহার করতে চান, তাঁদের কাছে নিজেদের অধিকারগুলো ব্যাখ্যা করার জন্য হিপামস টিমের সহযোগিতায় এই নিয়মাবলী বা আর্ট কোড তৈরি করেছেন। অনুষ্ঠান আয়োজক, সংবাদকর্মী এবং গবেষকদের সঙ্গে আলোচনার সময় তাঁরা এই আর্ট কোডের ভিত্তিতেই কথা বলবেন। এই আর্ট কোডের উদ্দেশ্য হল, বাউল-ফকির সম্প্রদায় এবং যেসব ব্যক্তি ও সংগঠন তাদের সঙ্গে কাজ করেন তারা যাতে পারস্পরিকভাবে উপকৃত হতে পারেন তা নিশ্চিত করা। বাউল-ফকির সম্প্রদায় এবং যে সংস্থাগুলি বাউল ফকিরদের কাজ সংক্রান্ত বিভিন্ন তথ্য অন্যদের কাছে পৌঁছে দেন, এই আর্ট কোড এদের মধ্যে এমন একটি সম্পর্ক গড়ে তুলতে চায়, যাতে পারস্পরিক ভাবে প্রত্যেকেই উপকৃত হন। বাউল ফকির সম্প্রদায় এবং তাঁদের ঐতিহ্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন এবং শিল্পীরা যাতে যথাযথ স্বীকৃতি ও ন্যায্য পারিশ্রমিক পান তা সুনিশ্চিত করাই এই আর্ট কোড-এর লক্ষ্য।

Baul Fakiri Art Code

The Baul community is well-known in India and abroad for our music and singing, which is based on a spiritual tradition passed down through the generations in our community. Our practice has been inscribed on the UNESCO Representative List of the Intangible Cultural Heritage of Humanity.

However:

1. Some event organisers advertise performances using Baul names and images, when we are not performing there.
2. Some people misrepresent our traditions and publish misleading information on our practice.
3. Some of our artists do not get paid fairly for our performances or do not get paid the promised fee.
4. Film makers approach us to sing songs and then they use other photographs of their choice, and it often dilutes the context of the song.
5. Some people circulate bad quality recordings of our work that reflect badly on us and our traditions.

What we would like:

1. We would like to keep composing music and songs, performing, and practising our Baul philosophy.
2. We would like people to understand the key aspects of the philosophy of love and overcoming greed that motivates our music.
3. We would like people to respect our Baul heritage and practices, and what is private and sacred to us.
4. We would like to be paid fairly and as agreed for our performances.
5. We would like to have a share of benefits from commercial use of our work by others.
6. We would like to be treated with respect.

People who organise music events and performances can help us by:

1. Respecting our Baul heritage, both music and philosophy
2. Telling people about the meaning and value of our Baul heritage
3. Not misrepresenting us or revealing our secret and sacred knowledge
4. Treating us with respect
5. Paying us fairly and as agreed for our performances
6. Attributing us and acknowledging our contributions
7. Not advertising events using our names and images when we are not performing there
8. Not engaging performers who say they are Bauls, when they are not.

People who do research, report for the media or make films and television programmes can help us by:

1. Respecting our Baul heritage, both music and philosophy
2. Telling people about the meaning and value of our Baul heritage
3. Not misrepresenting us or revealing our private and sacred knowledge without permission
4. Treating us with respect
5. Consulting and involving us in projects about our lives and work
6. Paying us fairly and as agreed for our performances
7. Attributing us and acknowledging our contributions in books, films, and other products of their work
8. Circulating only good quality recordings of our work.

বাউল আর্ট কোড

আমাদের বাউল সম্প্রদায় গানবাজনার সূত্রে দেশে ও বিদেশে সুপরিচিত, এই আধ্যাত্মিক ঐতিহ্য বহু যুগ ধরে চলে আসছে। ইউনেস্কোর মানবজাতির প্রতিনিধিত্বমূলক সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় বাউল ফকিরি গান অন্তর্ভুক্ত হয়েছে।

যদিও :

১. অনেক সময় কিছু উৎসবে বা অনুষ্ঠানে আমরা অংশগ্রহণ না করলেও আয়োজকরা তাঁদের বিজ্ঞাপনে আমাদের নাম ও ছবি ব্যবহার করে থাকেন।
২. কিছু মানুষ আমাদের ঐতিহ্যের ভুল ব্যাখ্যা দেন।
৩. আমাদের কিছু শিল্পী তাঁদের কাজের জন্য ন্যায্য পারিশ্রমিক পান না বা তাদের প্রতিশ্রুত অর্থ দেওয়া হয় না।
৪. অনেক সময় চলচ্চিত্র নির্মাতারা আমাদের গানের সঙ্গে নিজেদের পছন্দমতো অন্য ছবির ব্যবহার করেন, যার সঙ্গে গানের বিষয়ের কোনো সম্পর্ক থাকে না।
৫. কিছু মানুষ আমাদের কাজের নিম্নমানের রেকর্ডিং প্রকাশ করেন। আমাদের কাজ ও ঐতিহ্যের ওপর তার খারাপ প্রভাব পড়ে।

আমরা যা চাই :

১. আমরা বাউল ফকিরি গান এবং দর্শনের চর্চা চালিয়ে যেতে চাই।
২. আমরা চাই মানুষ আমাদের ভালোবাসার ও নিরলোভ জীবনযাপনের ভাবধারাগুলি বুঝুক, এটা আমাদের গানের অনুপ্রেরণা।
৩. আমরা চাই মানুষ আমাদের বাউল ঐতিহ্য ও চর্চাগুলিকে সম্মান করুক এবং গানের বিষয়গুলি নিয়ে আলোচনা করুক। এটা বাউল গানকে বুঝতে সহায়তা করবে।
৪. আমরা চাই আমাদের অনুষ্ঠানের জন্য প্রতিশ্রুত ও ন্যায্য অর্থ দেওয়া হোক।
৫. বাণিজ্যিকভাবে আমাদের কাজকে ব্যবহার করে যারা লাভবান হন তাদের কাছ থেকে আমরা লাভের ভাগ পেতে চাই।
৬. আমরা সম্মানজনক ব্যবহার পেতে চাই।

গানের অনুষ্ঠান ও আসরের আয়োজকরা আমাদের সাহায্য করতে পারেন :

১. বাউল গান ও দর্শনের ঐতিহ্যকে শ্রদ্ধা করে
২. আমাদের বাউল ঐতিহ্যের অর্থ ও গুরুত্ব মানুষকে জানিয়ে
৩. আমাদের ভুলভাবে না তুলে ধরে এবং বাউল দর্শন ও গানের বিকৃত ব্যাখ্যা না করে
৪. আমাদের প্রতি সম্মানজনক আচরণ করে
৫. অনুষ্ঠানের জন্য আমাদের প্রতিশ্রুত অর্থ দিয়ে
৬. আমাদের অবদান ও গুণ স্বীকার করে
৭. আমরা যেখানে অনুষ্ঠান করছি না সেখানে আমাদের নাম ও ছবি দিয়ে বিজ্ঞাপন না দিয়ে
৮. যে শিল্পীরা বাউল পরম্পরার অন্তর্ভুক্ত কেবলমাত্র তাঁদেরই গানের অনুষ্ঠানে আমন্ত্রণ জানিয়ে।

গবেষক, সাংবাদিক, চলচ্চিত্র পরিচালক, টেলিভিশন অনুষ্ঠান প্রযোজকরা আমাদের সাহায্য করতে পারেন :

১. আমাদের বাউল ঐতিহ্যের অন্তর্ভুক্ত সঙ্গীত ও দর্শনকে শ্রদ্ধা জানিয়ে
২. আমাদের বাউল ঐতিহ্যের অর্থ ও গুরুত্বের কথা মানুষকে জানিয়ে
৩. আমাদের ভুল ব্যাখ্যা না করে অথবা আমাদের গুহ্য ও পবিত্র জ্ঞান অনুমতি ছাড়া অন্যকে না জানিয়ে
৪. আমাদের সম্মান জানিয়ে
৫. আমাদের জীবন ও কাজ সংক্রান্ত কোনো প্রকল্পে আমাদের সঙ্গে আলোচনা করে ও আমাদেরকে যুক্ত করে
৬. কাজের জন্য আমাদের উপযুক্ত সাম্মানিক দিয়ে
৭. বই, চলচ্চিত্র এবং অন্যান্য পণ্যে আমাদের কাজের উপযুক্ত স্বীকৃতি ও সেই কাজগুলির কপি পাঠিয়ে (বিষয়টির বাংলা অনুবাদ অথবা সম্ভব হলে সংক্ষিপ্তসার)
৮. শুধুমাত্র আমাদের কাজের ভালো গুণমানের রেকর্ডিং প্রকাশ করে।

Annex: Foundational principles

These have been adapted from the UNESCO Intangible Heritage Convention's Ethical Principles (2015)

1. Intangible cultural heritage is practised and transmitted in accordance with the principles of human rights, respect for the environment and mutual respect between people.
2. Communities (including groups and, where applicable, individuals) decide what their intangible cultural heritage is, and its meaning and value.
3. Communities play the main role in safeguarding their own intangible cultural heritage, and should be supported appropriately in doing so.
4. Mutual respect for communities and their intangible cultural heritage should guide all activities for intangible cultural heritage safeguarding.
5. Safeguarding activities should be undertaken with the participation, and free, prior and informed consent of the communities concerned.
6. Communities should be involved through collaboration, dialogue, negotiation and consultation in safeguarding their intangible cultural heritage.
7. Community requirements for secrecy and privacy in regard to their intangible cultural heritage should be respected.
8. Communities should have continued access to the instruments, objects, artefacts, cultural and natural spaces and places of memory they need for expressing their intangible cultural heritage.
9. Communities should be recognised and attributed appropriately for works based on their intangible cultural heritage, and protected from decontextualization, commodification and misrepresentation, according to their needs.
10. Communities should benefit from the moral and material interests resulting from their intangible cultural heritage, including when it is used and adapted by members of the communities or others.
11. Communities should be able to share fairly in the benefits from safeguarding, practising and transmitting their intangible cultural heritage.

ঐতিহ্যবাহী পরম্পরার নৈতিক ভিত্তি সংক্রান্ত বুনিয়াদী নীতি

এটি ইউনেস্কোর ইনস্ট্যানজিবল হেরিটেজ কনভেনশনের নৈতিক নীতি (২০১৫) অনুসারে তৈরি হয়েছে।

১. ঐতিহ্যবাহী সাংস্কৃতিক পরম্পরাগুলির অনুসরণ ও প্রসার মানবাধিকার, পরিবেশ সংরক্ষণ এবং মানুষের পারস্পরিক সম্মানের নীতি মেনেই চলবে।
২. সম্প্রদায়গুলি (গোষ্ঠী ও ব্যক্তি) তাদের ঐতিহ্যগত পরম্পরাগুলির ব্যাখ্যা ও মূল্যায়নের ব্যাপারে সিদ্ধান্ত নেবে।
৩. সম্প্রদায়গুলি নিজেদের ঐতিহ্যবাহী পরম্পরাগুলি রক্ষার ব্যাপারে প্রধান ভূমিকা নেবে। এটা সঠিকভাবে পালন করতে তাদের সহায়তা করা উচিত।
৪. সম্প্রদায়গুলিকে পারস্পরিক সাংস্কৃতিক ঐতিহ্যবাহী পরম্পরাগুলিকে সম্মান করার নীতি মেনেই তা সংরক্ষণের কাজ করতে হবে।
৫. সংরক্ষণ সংক্রান্ত কাজকর্ম চলবে সবার অংশগ্রহণ, খোলামেলা আলোচনা এবং সংশ্লিষ্ট সম্প্রদায়গুলির মতামত নেওয়ার ভিত্তিতে।
৬. নিজেদের ঐতিহ্যবাহী পরম্পরাগুলিকে রক্ষা করার কাজে সম্প্রদায়গুলিকে সমঝোতা, সংলাপ, আলাপ আলোচনা এবং সেগুলিকে সম্মান জানিয়েই এগোতে হবে।
৭. সম্প্রদায়গুলি তাদের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক পরম্পরা সংক্রান্ত গোপনীয়তা ও নিজস্বতা বজায় রাখার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।
৮. সম্প্রদায়গুলিকে তাদের সাংস্কৃতিক ঐতিহ্যবাহী পরম্পরাগুলিকে তুলে ধরার জন্য কাজের উপকরণ, বিষয়, শিল্পকর্ম, সাংস্কৃতিক ও প্রাকৃতিক পরিসর এবং জায়গা দেওয়া উচিত।
৯. সম্প্রদায়গুলির সাংস্কৃতিক ঐতিহ্যবাহী পরম্পরাগুলির কাজের উপযুক্ত স্বীকৃতি ও গুণগুলি তুলে ধরা উচিত এবং বিষয় থেকে সরে যাওয়া, বাণিজ্যিক পণ্যে পরিণত করা, ভুলভাবে ব্যাখ্যা করা ইত্যাদি বিষয়ে প্রয়োজন অনুযায়ী সুরক্ষা দেওয়া উচিত।
১০. সম্প্রদায়গুলির নৈতিক ও বিষয়গত ক্ষেত্রে তাদের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক পরম্পরাগুলি থেকে লাভবান হওয়া উচিত, বিশেষ করে যখন সেটা তারা ও অন্যান্যরা ব্যবহার করছে বা কাজে লাগাচ্ছে।
১১. নিজেদের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক পরম্পরাগুলি সুরক্ষিত করা, ব্যবহার করা এবং ছড়িয়ে দেওয়ার মাধ্যমে জনসম্প্রদায়গুলি উপকৃত হলে সেটা তাঁদের সমান ভাবে ভাগ করে নেওয়া উচিত।

This Art Code is developed in the HIPAMS research project by Coventry University and Contact Base (banglanatak dot com) funded by the British Academy's Sustainable Development Programme, supported under the UK Government's Global Challenges Research Fund 2018-2021.